গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।
www.vatdhakawest.gov.bd

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৩৬৯.২৬/ ৩২২৬ তারিখঃ ১৭/০৮/২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস স্মারক**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন মেইনিটি বাংলাদেশ (প্রাঃ) লিমিটেড (বিন-০০০৪৪৯১৩৯-০৪০৩), প্লট-১২৯-১৩১ ও ২৮১ (এক্সটেনশন এরিয়া), ডিইপিজেড, গণকবাড়ী, সাভার, ঢাকা নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখ ঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত বিদ্যুৎ বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো ঃ

| প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিআইএন | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা | সংশ্লিষ্ট কোড | পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর | অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| মেইনিটি বাংলাদেশ (প্রাঃ) লিমিটেড (বিন-০০০৪৪৯১৩৯-০৪০৩) | বিদ্যুৎ বিতরণকারী | এস০৫৭.০০ | ২২২১৯৬৬০ | ১০০% |
| | | | ২২২১৯৬৬৪ | |

শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা, তাহলে বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামসোনা সার্কেল, সাভার বিভাগে দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পন্থায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং
- আলোচ্য মূসক অব্যাহতি বিদ্যুৎ মিটার নম্বর- ২২২১৯৬৬০ ও ২২২১৯৬৬৪ তারিখঃ আগষ্ট/২০২৬ খ্রিঃ হতে প্রযোজ্য হবে।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ (ক) অনুযায়ী বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী এ দপ্তরে দাখিল করতে হবে।

১৭/০৮/২০২৬
(কাজী ফরিদ উদ্দীন)
কমিশনার
ফোনঃ +৮৮০-০২-৪১০০২৬৫৯
ই-মেইলঃ dhakawestcom@gmail.com

O/C

ব্যবস্থাপনা পরিচালক
মেইনিটি বাংলাদেশ (প্রাঃ) লিমিটেড
প্লট-১২৯-১৩১ ও ২৮১ (এক্সটেনশন এরিয়া),
ডিইপিজেড, গণকবাড়ী, সাভার, ঢাকা।
(বিন-০০০৪৪৯১৩৯-০৪০৩)

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৩৬৯.২৬/ ৩২২৬ (২-৫) তারিখঃ ১৭../০৮/২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যার্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২। চেয়ারম্যান, ডেসকো, প্রধান কার্যালয়, খিলক্ষেত, ঢাকা।

০৩। জেনারেল ম্যানেজার, ঢাকা এক্সপোর্ট প্রসেজিং জোন, গণকবাড়ি, সাভার, ঢাকা।

০৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সাভার বিভাগ [ তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ এ মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক প্রতি করমেয়াদের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ দপ্তরে প্রতিবেদন প্রেরণ ও প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো]

০৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামসোনা সার্কেল, সাভার। [তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রিঃ এর পরিশিষ্ট-খ মোতাবেক প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন]

১৭.০৮.২০২৬

(মোঃ শাকিল খন্দকার)
অতিরিক্ত কমিশনার